# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৪. ৭. গণহত্যা ঈশ্বরের প্রিয় মানত

গণহত্যা ও নির্বিচার ধ্বংস ঈশ্বরের এত প্রিয় কর্ম যে, এরূপ কর্মের মানত করলে ঈশ্বর মনোবাঞ্ছনা পূরণ করেন: "অরাদের কেনানীয় বাদশাহ নেগেভে বাস করতেন। বনী ইসরাইলরা অথারীমের পথ ধরে আসছে শুনে তিনি তাদের উপর হামলা করে কয়েকজনকে ধরে নিয়ে গেলেন। তখন বনি-ইসরাইলরা মাবুদের কাছে মানত করে বলল, 'অরাদের এই লোকদের তুমি যদি আমাদের হাতের মুঠোয় এনে দাও তবে আমরা তাদের গ্রাম ও শহরগুলো একেবারে ধ্বংস করে ফেলব (utterly destroy their cities)। মাবুদ তাদের এই বিশেষ অনুরোধ শুনলেন এবং সেই কেনানীয়দের তাদের হাতের মুঠোয় এনে দিলেন। বনি-ইসরাইলরা তাদের এবং তাদের গ্রাম ও শহরগুলো একেবারে ধ্বংস করে ফেলল (they utterly destroyed them and their cities)।" (শুমারী/গণনাপুস্তক ২১/১-৩)

পাঠক বিবেচনা করুন। শত্রুপক্ষ কয়েকজনকে বন্দি করে নিয়ে গিয়েছে বলে তাদের দেশের নারী, পুরুষ, শিশু ও সকল প্রাণি হত্যা ও সকল গ্রাম ও শহর ধ্বংস করার সিদ্ধান্তে ঈশ্বর কিভাবে প্রীত হলেন এবং তা কার্যকর করার ব্যবস্থা করলেন!

Source — https://www.hadithbd.com/books/link/?id=14552

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন